


# UI-এর জন্য আবেদন করা

## বেকার বীমার সুবিধাসমূহ

## কে বেকার বীমার সুবিধা পেতে পারেন?

আপনি যদি নিউইয়র্কে কাজ করে থাকেন তবে আপনি বেকারত্ব বীমা সুবিধাগুলি পাওয়ার যোগ্য হতে পারেন। আপনার অবশ্যই নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে:

- আপনার নিজের কোন দোষছাড়াই চাকরি হারিয়েছেন
- একটি দাবি প্রতিষ্ঠা করার জন্য চাকরি থেকে পূর্বে যথেষ্ট উপার্জন করেছেন
- অবিলম্বে কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং সমর্থ হন।
- সক্রিয়ভাবে কাজ খোঁজা এবং আপনার প্রচেষ্টার একটি রেকর্ড(অনলাইন বা লিখিত)রাখা

আপনার যোগ্যতার সম্পর্কে আপনি নিশ্চিত না হলে যত তাড়াতাড়ি সম্ভব আপনাকে আবেদন করতে হবে। আপনি যোগ্য কিনা তা আমরা নির্ধারণ করব। যোগ্যতা সম্পর্কে আরো তথ্যের জন্য **dol.ny.gov/unemployment-insurance-claimant-handbook** -সাইটে আমাদের দাবীদার হ্যান্ডবুকের অধ্যায় 2 দেখুন।

## সুবিধার জন্য আমি কী ভাবে আবেদন করবো?

বেকার বীমা সুবিধার আবেদন(দাবি দাখিল করা)করার জন্য দ্রুততম এবং সর্বাধিক সুরক্ষিত উপায় হল আমাদের ওয়েবসাইট **https://unemployment.labor.ny.gov/**.

আপনাকে একটি NY.gov ID ব্যবহার করতে হবে। লগইন পেজ-এ একটি NY.gov ID তৈরী করার জন্য নির্দেশাবলী আছে। আপনার NY.gov ID তৈরী করতে বা পেতে অসুবিধা হলে, লগইন পৃষ্ঠায় চিত্রিত নির্দেশাবলী দেখুন, NY.gov-এর সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী যাচাই করে দেখুন, অথবা সোমবার থেকে শুক্রবার সকাল 8:30 থেকে বিকাল 4:30 এর মধ্যে **800-833-3000** নম্বরে কল করুন।

আপনি অনলাইনে আবেদন পেশ করতে পারেন:

- সোমবার থেকে বৃহস্পতিবার সকাল 7:30 মিনিট থেকে সন্ধ্যে 7:30 মিনিটের মধ্যে
- শুক্রবার সকাল 7:30 মিনিট থেকে বিকাল 5:00-টার মধ্যে
- সপ্তাহান্তে শনিবার ও রবিবার সকাল 12:01 মিনিট থেকে সন্ধ্যে 7:00 পর্যন্ত

তাছাড়াও, আপনি সোমবার থেকে শুক্রবার সকাল 8:00 থেকে বিকাল 5:00-র মধ্যে টোল-ফ্রি নম্বর **888-209-8124** –এতে ফোন করে আবেদন পেশ করতে পারেন। অনুবাদ পরিষেবার জন্য 9 টিপুন। TTY/TDD ব্যবহারকারী: **800-662-1220**-এতে একজন রিলে অপারেটরকে কল করুন এবং তাকে বলুন **888-783-1370**-এতে কল করতে। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীরা, আপনার রিলে অপারেটরের সাথে যোগাযোগ করুন এবং সেই অপারেটরকে **888-783-1370** নম্বরে কল করতে বলুন।

## আবেদন পেশ করতে হলে আমাকে কি করতে হবে?

- আপনার সামাজিক নিরাপত্তা নম্বর
- আপনার নিউইয়র্ক রাজ্য ড্রইভার লাইসেন্স অথবা মোটর গাড়ি সনাক্তকরণ কার্ড নম্বর(যদি আপনার থাকে)
- আপনার সম্পূর্ণ ঠিকানা এবং জিপ কোড।
- সোমবার থেকে শুক্রবার সকাল 8:00 থেকে বিকাল 5:00-এর মধ্যে আমরা যাতে আপনার সাথে যোগাযোগ করতে পারি এমন একটি ফোন নম্বর
- আপনার বৈদেশিক নিবন্ধন কার্ড নম্বর (আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক না হন এবং কার্ড আছে)
- গত 18 মাসে আপনার সকল নিয়োগকর্তাদের নাম ও ঠিকানা এবং অন্যান্য রাজ্যের নিয়োগকর্তাদের নাম ও ঠিকানাও এতে অন্তর্ভুক্ত থাকবে।
- নিয়োগকর্তা নিবন্ধন নম্বর অথবা আপনার সাম্প্রতিকতম (আপনার W-2 ফর্মগুলিতে FEIN)নিয়োগকর্তার ফেডারেল নিয়োগকর্তা সনাক্তকরণ নম্বর
- আপনি যদি ফেডারেল কর্মচারী হন তাহলে আপনার SF8 এবং SF50 ফর্মের অনুলিপি
- যদি আপনি সেনাবাহিনীতে নিযুক্ত থেকে থাকেন তাহলে আপনার সামপ্রতিকতম বিচ্ছেদ ফর্ম (DD 214)

এই সকল নথি ছাড়া আপনি একটি দাবী পেশ করতে পারেন। তবে, নিরুদ্দিষ্ট তথ্যের জন্য আপনার প্রথম পেমেন্ট পেতে বিলম্ব হতে পারে।

আপনি যদি ওয়েব পৃষ্ঠাগুলি ছাপাতে না পারেন, তবে তথ্যের অনুলিপি করার জন্য একটি পেন ও কাগজ কাছে রাখুন।

আপনি যদি অনলাইনে আপনার দাবি পেশ করেন এবং আপনার পেমেন্ট সরাসরি আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা দিতে চান, তাহলে আপনার ব্যাঙ্ক রুটিং এবং চেকিং অ্যাকাউন্ট নম্বর সম্বলিত একটি চেক-এর প্রয়োজন হবে।

## একটি দাবি পেশ করার জন্য আমি কীভাবে সহায়তা পেতে পারি?

যদি আপনার অক্ষমতা বা ভাষার সমস্যা থাকে এবং দাবী পেশ করার জন্য সহায়তার দরকার হয় তাহলে কোনও বন্ধু বা আত্মীয় এ ব্যাপারে আপনাকে সাহায্য করতে পারেন। তবে:

- আপনার সাহায্যকারী যখনই সহায়তা করবেন এবং আপনার PIN ব্যবহার করবেন তখন আপনাকে অবশ্যই তার সাথে থাকতে হবে
- আপনি আপনার সহায়কের ক্রিয়াকলাপের জন্য দায়বদ্ধ থাকবেন।
- আপনার সাহায্যকারী আপনাকে সহায়তা করার সময় আপনি উপস্থিত না থাকলে আপনাকে দণ্ড প্রদান করা হতে পারে, এবং সুবিধা বাজেয়াপ্ত করা হতে পারে।

## আমি কীভাবে সাপ্তাহিক সুবিধাগুলি/সুবিধার জন্য নিশ্চিতরূপে জ্ঞাত করার দাবি পেশ করবো?

আপনার দাবি পেশ করার পর, আপনি যতদিন বেকার থাকবেন প্রতি সপ্তাহে সাপ্তাহিক সুবিধার দাবি অবশ্যই পেশ করবেন। আপনি এটি অনলাইন **https://unemployment.labor.ny.gov/** -এতে অথবা আমাদের টেলি-পরিষেবার টোল ফ্রি ফোন লাইন **888-581-5812**.-এতে কল করতে পারেন।

আপনি যখন সাপ্তাহিক সুবিধার দাবি করবেন, তখন আপনাকে কিছু প্রশ্ন করা হবে। সঠিকভাবে উত্তর দেওয়া গুরুত্বপূর্ণ, যেহেতু আপনি শ্রম বিভাগকে প্রত্যয়িত করেছেন যে আপনার উত্তরগুলি সত্য এবং সঠিক। এই জন্যই প্রক্রিয়াটিকে "সুবিধার জন্য প্রত্যয়িত করা"ও বলা হয়

সোমবার থেকে রবিবার বেকার বীমার উদ্দেশ্যে একটি সপ্তাহ চালনা করা হয়ে থাকে। বেশীরভাগ লোক রবিবারে আগের সপ্তাহের সাপ্তাহিক সুবিধাগুলি দাবি করে। তবু, আপনাকে পরের শনিবার পর্যন্ত তাই করতে হবে।

আইন অনুযায়ী, আপনার দাবীর প্রথম সপ্তাহ হল অপেক্ষার সপ্তাহ। আপনি এই সপ্তাহের সুবিধাগুলি পাবেন না, কিন্তু আপনাকে অবশ্যই কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং সক্ষম হতে হবে এবং কাজ খুঁজতে হবে।

## আমি কখন থেকে সুবিধাগুলি পেতে শুরু করব?

আপনি যদি যোগ্য হন এবং দাবিতে কোনো সমস্যা না থাকে, তাহলে আপনার দাবি দায়ের করার সময় থেকে আপনি যখন প্রথম টাকা পান, তখন সাধারণত তিন থেকে ছয় সপ্তাহ সময় লাগে। কারণ আমাদের আপনার আবেদন পর্যালোচনা ও প্রক্রিয়া করতে হবে। এই সময়কালে আপনি সুবিধাগুলি পাবেন না। আপনি যোগ্য বিবেচিত হলে, আপনার প্রাপ্য সকল সুবিধা পাবেন।

## আমার সুবিধাগুলি কীভাবে পাবো?

আপনি যদি অনলাইনে বেকার বীমার জন্য আবেদন করেন, তাহলে আপনি সরাসরি জমা অথবা ডিবেট কার্ড-এর মাধ্যমে আপনার সুবিধাগুলি পেতে চান কিনা তা আপনাকে জিজ্ঞাসা করা হবে। আপনি যদি ফোনের মাধ্যমে আবেদন করেন, তাহলে আপনি ডেবিট কার্ড-এর মাধ্যমে আপনার সুবিধাগুলি পাবেন। আমরা আর চেকের মাধ্যমে সুবিধা প্রদান করি না।

## অতিরিক্ত তথ্য

আপনি সুবিধার জন্য আবেদন করার পরে, ডাকের মাধ্যমে আর্থিক সুবিধা নির্ধারণ (মনিটারি বেনিফিট ডিটারমিনেশন)সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি পাবেন। দয়া করে সেটি তখুনি পড়বেন। বেকার বীমার জন্য আপনার যোগ্যতা নির্ধারণ করতে আপনার চাকরী থেকে যথেষ্ঠ উপার্জন আছে কিনা না এটি আপনাকে বলবে। তাছাড়াও, আপনার সকল উপার্জন নোটিশে তালিকাভুক্ত না থাকলে আপনাকে কি করতে হবে সে বিষয়ে এটি আপনাকে জ্ঞাত করবে। গুরুত্বপূর্ণ: আর্থিক সুবিধার সিদ্ধান্তগ্রহণের বিজ্ঞপ্তি কখনই নিশ্চিত করে না যে আপনি অবশ্যই সুবিধা পাবেন। এটি কেবল আপনাকে বলবে যে আপনার যোগ্যতা অর্জনের জন্য যথেষ্ঠ উপার্জন আছে কিনা। আপনি যদি সকল প্রয়োজনীয়তাগুলি পূরণ করেন তবে আপনার প্রাপ্য সুবিধাগুলি সহজভাবে শুরু হবে। আপনি যোগ্য বিবেচিত না হলে আমাদের কাছ থেকে একটি চিঠি পাবেন।

আপনি যদি আপনার ঠিকানা এবং ফোন নম্বর আপ-টু-ডেট না রাখেন, আপনি সুবিধাগুলি না ও পেতে পারেন। বেকার বীমা মেইল ডাকযোগে পাঠানো হয়না।

সকল প্রশ্নাবলী অবিলম্বে ফেরৎ পাঠান যাতে কোনও পাওনা সুবিধা বিলম্ব বা অস্বীকার করা না হয়।

## আরও তথ্যের জন্য

বেকার বীমা সম্বন্ধে দেখুন: **dol.ny.gov/unemployment-insurance-claimant-handbook** -সাইটে এই তথ্য সম্বলিত কাগজে আলোচিত বিষয়টির সম্বন্ধে আরও তথ্যের জন্য একটি দাবিবিদ হ্যান্ডবুক। আপনি যখন আপনার দাবি পেশ করবেন তখন আপনাকে হ্যান্ডবুকটি পাঠানো হবে।

আমাদের ওয়েবসাইট **dol.ny.gov/claimant-frequently-asked-questions** -এতে সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী রয়েছে।

আপনার দাবি বা তার স্থিতি সম্পর্কে আপনার কোনও নির্দিষ্ট প্রশ্ন থাকলে **https://unemployment.labor.ny.gov/** -এতে আমাদের একটি সুরক্ষিত বার্তা পাঠান। আপনার অনলাইন অ্যাকাউন্টে সাইন ইন করুন এবং মাই অনলাইন সার্ভিস পৃষ্ঠার উপরে ডানদিকে খামচিহ্নিত আইকনে ক্লিক করুন। অথবা, আমাদের টেলিফোন ক্লেমস সেন্টার **888-209-8124**-এতে কল করুন। সোমবার এবং কোনও সর্বজনীন ছুটির পরের দিন লাইন ব্যস্ত থাকার কারণে কল না করাই ভাল। বৃহস্পতি এবং শুক্রবার ফোন লাইন সহজে পাওয়া যাবে।



নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তর হলো একটি সমান সুযোগ প্রদানকারী নিয়োগকর্তা/প্রকল্প। অনুরোধক্রমে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আনুষঙ্গিক সহায়তা ও পরিষেবা পাওয়া যায়। NEW YORK STATE OF OPPORTUNITY. Department of Labor